গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলাপরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

নভেম্বর/২০২৩ মাসের অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:
সভাপতি :জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ:২৯-১১-২০২৩খ্রি. সময় : ১২.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ মাননীয় প্রধান মন্ত্রীর ভিশন ও মিশন কার্যকর করা তথা দুই হাজার একচল্লিশ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে পরস্পরের সহযোগিতা কামনা করেন নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্য সূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত:বিগত সভার কার্য বিবরণীতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ী করণ করা হয়। | বাস্তবায়ন : সংশ্লিষ্টসকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃবিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, প্রতিনিধি মেডিকেল অফিসার, তাহিরপুর সভায় জানান যে, তাহিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চক্ষু চিকিৎসার জন্য আলাদা বিভাগ এস এম ও নিউট্রিশন কর্ণার এ.এম. সি কর্ণার, আলট্রাস্নোগ্রামসহ বিভিন্ন আধুনীক সার্ভিস চালু আছে। মাতৃমৃত্যু ইপিআই Mothering কমিউনিটি ক্লিনিক পরিদর্শণসহ সকল ধরনের মনিটরিং চালু রয়েছে। | সিদ্ধান্ত: ১। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মানবৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিভাগীয় সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর, সভায় জানান, দাপ্তরিক ককার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি সভায় জানান বোর আবাদের লক্ষমাত্রা ৬৩৬৫ হেক্টর এবং বর্তমানে বোর বীজতলার অগ্রগতী ৩৩৫ হেক্টর, হাইব্রিড প্রণোদনা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ০৭ টি ইউনিয়নের মধ্যে ২৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণকে প্রণোদনা প্রদান করা হবে। বোর ও আউশ ধান বীজ, সার ৪০০০ কৃষককে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত:বিস্তারিত আলোচনান্তে ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর এর সভায় জানান যে, প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা সহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা এবং খামারীদের গবাদি পশু ও হাঁসমুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আলোকে অভিযান/মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রয়েছে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সিদ্ধান্ত: হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আলোকে অভিযান/মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | [illegible] |
|---|---|---|---|---|
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মান সম্পন্ন প্রাথমিক শিক্ষা অর্জনের লক্ষ্যে বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং করা হচ্ছে। ২০২৪ সালের জন্য চাহিদাকৃত শত ভাগ বই পেয়েছি। ১লা জানুয়ারী-২০২৪ সকল বিদ্যালয়ে বই প্রেরণ করা হবে। | সিদ্ধান্তঃ ০১। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়নের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর সংশ্লিষ্ট সকল |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, প্রতিনিধি তাহিরপুর সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসুচির /এডিপির আওতায় তাহিরপুর উপজেলা পরিষদের অনুকূলে ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরাকরি বিভাগীয় প্রধানগণ/ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>তিনি সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ( ইউজিডিপি ) আওতায় ৬ষ্ঠ পর্যায়ের ০২টি অনুমোদিত উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য পিএমইউ কর্তৃক সম্মতি পাওয়া গিয়াছে। এ জন্য ইউজিডিপি-এর আওতায় ০২ টি উপ-প্রকল্পগুলোর টেন্ডার ম্যানুয়াল (ওটিএম) পদ্ধতিতে নোটিশ প্রক্রিয়াধীন রয়েছে। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সকল ভোট কেন্দ্রে যাচাই বাছাই করে ক্ষুদ্র মেরামত করা হবে এবং ভোট কেন্দ্রের সংযোগকারী সড়ক সংস্কার ও মেরামত করা হবে।<br>সভায় আলোচনা করা হয় তাহিরপুর হতে বাদাঘাট রাস্তাটি অত্যন্ত জনগুরুত্বপুর্ণ দ্রুত লোকজন চলাচলে উপযোগী করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাস ভবন রং করণ সংস্কার মেরামত, উপজেলা পরিষদের বৈদ্যুতিক লাইন সংস্কার মেরামত, উপজেলা পরিষদের সম্মুখে ০৩টি বাগান নির্মাণ ও গাছ রোপণ বাবদ সর্বমোট-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয় । তিনি আরও জানান শিমুল বাগানে শিমুল ছায়া নামক নতুন একটি রেস্টহাউজ নির্মাণ করা হয়। নির্মাণকাজে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করা হয়। উক্ত কাজের ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা ২০২৩ -২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচি /এডিপির আওতায় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরাকরি বিভাগীয় প্রধানগণ/ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য একটি পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে সার্বিক বিবেচনাক্রমে পিপিআর এর সকল শর্ত মেনে টেন্ডার ম্যানুয়াল ( ওটিএম) পদ্ধতিতে করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাস ভবন রং করণ সংস্কার মেরামত, উপজেলা পরিষদের বৈদ্যুতিক লাইন সংস্কার মেরামত, উপজেলা পরিষদের সম্মুখে ০৩ টি বাগান নির্মাণ ও গাছ রোপণ বাবদ সর্বমোট-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার ব্যয় বিল উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।<br>০৪। বিস্তারিত আলোচনান্তে শিমুল বাগানে শিমুল ছায়া নামক নতুন একটি রেস্টহাউজ নির্মাণ কাজের ব্যয় বিল বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান আগামী ০৯-১৪ ডিসেম্বর/২০২৩ তারিখ সারা বাংলাদেশের ন্যায় তাহিরপুর "পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ পালিত হবে। এ বিষয়ে বিভাগীয়ভাবে সকল প্রকার প্রস্তুতি সম্পন্ন হয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর |

| ক্রম নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নতুন শিক্ষাক্রম বিষয়ক শ্রেণি শিক্ষকগণের বিষয় ভিত্তিক ০৭ (সাত) দিন ব্যাপী প্রশিক্ষণ আগামী০৯-১৫ ডিসেম্বর/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান , দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। বিগত ০৪ নভেম্বর/২০২৩ তারিখে জাতীয় সমবায় দিবস যথাযথ মর্যাদায় সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয়েছে। আলোচ্য মাসে বিভিন্ন ক্যাটাগরিতে ০৪ ( চার) টি সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে।২০২৩-২০২৪ সনে তাহিরপুর উপজেলায় ১০০ ( একশত) জন সমবায়ীদেরকে ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষমাত্রা রয়েছে। লক্ষমাত্র অর্জনের লক্ষ্যে ডিসেম্বর/২৩ সনে ৫০ জন সমবায়ীকে নিয়ে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের অনুষ্ঠানের পদক্ষেপ চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পারচালনা করার জন্য উপজেলা সময় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচির চলমান আদায় যোগ্য আসল ৩৯,৮০০/-টাকা, আদায়কৃত আসল ৩২,৪৮০/- আদায়ের হার ৮৩%। কিস্তি হতে আদায় ১৯০০/- ঋণখেলাপী হতে ২৭,৭০/-টাকা, চলতি মাসে কোন ঋণ বিতরণ নাই। ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব খাতের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ লক্ষ মাত্র ৪২০ জন, অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত অর্জন ৯০ জন। এছাড়া আগামী ডিসেম্বর/২০২৩ মাসে ইমপ্যাক্ট প্রজেক্টের আওতায় ০৫ দিন মেয়াদ ২০ জন, গরু পালন খামারিকে সমন্বিত পরিচালিত খামার স্থাপন ও সম্প্রসারণ এবং বায়োগ্যাস প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান তিনি ২৬-১১-২০২৩ তারিখ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হিসেবে যোগদান করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার টিআর, কাবিখা/কাবিটা, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমসূচির খাতে ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। ২য় পর্যায়ের প্রকল্পের তালিকা জেলায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। তাছাড়া ইজিপিপি ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের ২০২৩-২০২৪ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কমসূচি ও সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |

| ক্রম নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | [illegible] |
|---|---|---|---|---|
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | [illegible] পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর পদ শূন্য থাকায় তার দপ্তরের কোন প্রকার কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য দায়িত্ব প্রাপ্ত অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর |
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর,সভায় জানান শারদীয় দূর্গাপূজায় দায়িত্ব পালনকারী আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের মধ্যে সম্মানী ভাতা বিতরণ করা হয়েছে ২৭-১১-২০২৩ তারিখে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৮ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৯ | বাজেট-২০২৩-২০২৪ অর্থবছর | ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের প্রকৃত খসড়া বাজেটের উপর পর্যবেক্ষণ করে পর্যবেক্ষণসমূহ বিবেচনায় রেখে মূল্যায়ন মতামত ও পরামর্শ প্রদানের জন্য বিদ্যমান বাজেট বিধি মালার নির্দেশনা মোতাবেক খসড়া বাজেটের মুদ্রিত কপি তোতাপেক্ষভাবে অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রণয়নকৃত খসড়া বিদ্যমান বাজেটের মুদ্রিত কপি বিধি মালার নির্দেশনার মোতাবেক তোতাপেক্ষভাবে অনুমোদন করা হল। মুদ্রিত কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| | ভ্রমণ বিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সভায় জানান জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর এর জুন/২০২৩ হতে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ০৫ (পাঁচ) মাসের মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকার ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। জনাব রিয়াজ উদ্দিন, ভাইস চেয়ারম্যান, জুন/২০২৩ হতে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ০৫ (পাঁচ) মাসে মোট ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। জনাব খালেদা বেগম মহিলা ভাইস চেয়ারম্যান জুন/২০২৩ মাস হতে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ০৫(পাঁচ) মাসে মোট ১৭,৫০০/-(সতের হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতার প্রাপ্য হোন। উক্ত বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুরকে ভ্রমণ ভাতা বিল বাবদ ৩১,২৫০/-(একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা, জনাব রিয়াজ উদ্দিন, ভাইস চেয়ারম্যানকে, ভ্রমণ ভাতা বিল বাবদ ১৭,৫০০/- ( সতের হাজার পাঁচশত) টাকা, জনাব খালেদা বেগম মহিলা ভাইস চেয়ারম্যানকে ভ্রমণ ভাতা বিল বাবদ ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |

সভায় আর কোনআলোচনানা থাকায়সভাপতিউপস্থিত সকলকেধন্যবাদ জানিয়েসভারকাজসমাপ্তি ঘোষণাকরেন।

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৩- তারিখ:০৪ -১২-২০২৩খ্রি.

সদয়অবগতি/প্রয়োজনীয়কার্যার্থে অনুলিপি প্রেরণকরাহলো (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায়মন্ত্রণালয়, স্থানীয়সরকারবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয়কমিশনার, সিলেটবিভাগ, সিলেট।

০৩। পরিচালক, স্থানীয়সরকারবিভাগ, সিলেট।

০৪। জেলাপ্রশাসক, সুনামগঞ্জ।

০৫। উপ-পরিচালক,স্থানীয়সরকারবিভাগ,সুনামগঞ্জ।

০৬। পুলিশসুপার, সুনামগঞ্জ।

০৭। সিভিলসার্জন, সুনামগঞ্জ।

০৮।........................................................................................(জেলা পর্যায়েরসংশ্লিষ্টসকল), সুনামগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয়কার্যার্থে:

০৯। ভাইস চেয়ারম্যান / মহিলাভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০। উপজেলা...............................................কমর্কর্তা (সংশ্লিষ্টসকল)তাহিরপুর,সুনামগঞ্জ।

১১। চেয়ারম্যান, ..........................................ইউনিয়নপরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।

১২। অফিসনথি/ মাস্টারফাইল।

০৪/১২/২০২৩

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

সভাপতি: জনাব কামরুল ইসলাম চৌধুরী রাজন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর
সময়: ১২.৩০ ঘটিকা, তারিখ: ২৭/১১/২০২৩ ইং তারিখ

স্থান: উপজেলা [illegible] কনফারেন্স রুম।

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব কামরুল ইসলাম চৌধুরী রাজন | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাসিরনগর | |
| ০২ | জনাব সুব্রত চাকমা | উপজেলা নির্বাহী অফিসার নাসিরনগর | |
| ০৩ | জনাব রিয়াজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাসিরনগর | |
| ০৪ | জনাব [illegible] বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ নাসিরনগর | |
| ০৫ | জনাব আলী হায়দার | চেয়ারম্যান [illegible] ইউ/পি | |
| ০৬ | জনাব আলী আহমদ মুরাদ | " [illegible] দক্ষিণ ইউ/পি | |
| ০৭ | জনাব মাহফুজ মিয়া | " [illegible] ইউ/পি | |
| ০৮ | জনাব নিজাম উদ্দিন | " [illegible] | |
| ০৯ | জনাব জুনায়েদ আলী | " নাসিরনগর সদর | |
| ১০ | জনাব আজাদ হোসেন | " [illegible] ইউ/পি | |
| ১১ | জনাব মো: ইদ্রিছ আলী | চেয়ারম্যান [illegible] ইউ/পি | |
| ১২ | মোহাম্মদ মুজিবুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাসিরনগর | |
| ১৩ | মো: রবিউল হক | SAE, LGED নাসিরনগর | |
| ১৪ | মো: আব্দুল আউয়াল মিয়া | AUEO নাসিরনগর | |
| ১৫ | সাইফুল ইসলাম | VUAVDO নাসিরনগর | |
| ১৬ | মো: মুজাহিদ হোসেন | UF-LOGIC UNDP | |
| ১৭ | বিকাশ চন্দ্র সাহা | উপজেলা যুব উন্নয়ন অফিসার | |
| ১৮ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | |
| ১৯ | মো: মাহমুদুল হাসান | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ২০ | মো: ইদ্রিস আলী | উপজেলা UFO | |

| | | | |
|---|---|---|---|
| ২১ | [illegible] আহমেদ [illegible] | [illegible] জাজিরা | [signature] |
| ২২ | মোঃ [illegible] উদ্দিন | UFPO জাজিরা | [signature] |
| ২৩ | মোঃ মিজানুর রহমান | USEO জাজিরা | [signature] |
| ২৪ | ডা. সাবির আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] |
| ২৫ | মো: হাসান-উদ-দৌলা | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |